

## সপ্তম শ্রেণি • বাংলাদেশ ও বিশ্বপরিচয় • অধ্যয়নভিত্তিক মডেল টেস্ট (তত্ত্বীয় অংশ)


### ১ম অধ্যায়—বাংলাদেশের মুক্তিসংগ্রাম

সময়: ৩০ মিনিট

পূর্ণমান: ৩০

[সৃজনশীল অংশ: যেকোনো ২টি সৃজনশীল প্রশ্নের উত্তর দাও। প্রতিটি সৃজনশীলের মান: ১০]

১. নিচের চিত্রটি লক্ষ্য করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও:



- ক. কত সালে আওয়ামী মুসলিম লীগ থেকে 'মুসলিম' শব্দটি বাদ দেওয়া হয়?  
খ. ১১ দফা আন্দোলন করা হয় কেন?  
গ. প্রদর্শিত চিত্রটি পূর্ব পাকিস্তানের কোন বৈষম্যের প্রতিফলন? ব্যাখ্যা কর।  
ঘ. উক্ত চিত্র পাকিস্তানি শাসকদের বৈষম্যের আংশিক প্রতিফলন মাত্র—বিশ্লেষণ কর।
২. ১৯৭৪ সালে ভারতের পাঞ্জাব রাজ্যে আইন পরিষদের নির্বাচন হয়। উক্ত নির্বাচনে কয়েকটি দল একটি জোট গঠন করে নির্বাচনে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে। এই জোট জনগণের সামনে ২১ দফা কর্মসূচি প্রকাশ করেছিল।  
ক. কত সালে আমাদের ভাষা আন্দোলন আন্তর্জাতিক স্বীকৃতি লাভ করে?  
খ. ভাষা আন্দোলনে কারা প্রাণ দিয়েছিল?  
গ. উদ্দীপকে উল্লিখিত নির্বাচনের সাথে পূর্ববাংলার যে নির্বাচনের সাদৃশ্য খুঁজে পাওয়া যায় তা ব্যাখ্যা কর।  
ঘ. পূর্ববাংলার উক্ত নির্বাচনে কারা বিজয় লাভ করে? তাদের বিজয়ের কারণ তুলে ধর।
৩. পার্বত্য চট্টগ্রামের পাহাড়ি অঞ্চলে বাস করে বেশ কয়েকটি উপজাতি। তাদের মধ্যে সংখ্যাগরিষ্ঠ হলো 'X' উপজাতি। আর ক্ষুদ্র হলো শক্তিশালী ছিল 'Y' উপজাতি। স্থানীয় উপজাতিদের নেতা 'গ' উপজাতির হওয়ায় সকল উপজাতির উপর তাদের কৃষ্টি-সংস্কৃতিকে চাপিয়ে দেওয়ার চেষ্টা করে। এ কারণে তারা তাদের ওপর শক্তির অপপ্রয়োগ করে, অত্যাচার শুরু করে। কিন্তু 'X' উপজাতি অন্যান্য উপজাতিকে সঙ্গে নিয়ে 'Y' উপজাতির এ আগ্রাসনকে ব্যর্থ করে দেয়।  
ক. কোন আন্দোলনের সাফল্যের সূত্র ধরে বাঙালিরা স্বাধীনতা সংগ্রামের প্রেরণা পেয়েছে?  
খ. স্বাধীনতার পর কেন পাকিস্তানের নেতৃবৃন্দের মধ্যে রাষ্ট্রের নীতি ও আদর্শ নিয়ে বিভ্রান্তি দেখা দেয়?  
গ. উদ্দীপকের ঘটনার সঙ্গে তৎকালীন পাকিস্তানের কোন দিক সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর।  
ঘ. 'পরিচয়ের সংকট অপেক্ষা আদর্শিক সংকটই তৎকালীন পাকিস্তানে প্রকট ছিল'—উদ্দীপক ও পাঠ্যবইয়ের আলোকে বক্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর।
৪. ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের শিক্ষক জনাব গিয়াস উদ্দিন একটি সেমিনারে তার ছাত্রদের বলেন, তোমরা ছাত্র সমাজ এ দেশের ভবিষ্যৎ, তোমাদের ত্যাগ ও সংগ্রামী চেতনায় এ দেশ স্বাধীন হয়েছে। তোমাদের আন্দোলনের মুখে পাকিস্তানি সরকার বাধ্য হয়ে শেখ মুজিবসহ অন্য রাজবন্দিদের মুক্তি দিয়েছিল।  
ক. আওয়ামী মুসলিম লীগ কত সালে গঠিত হয়?  
খ. পশ্চিম পাকিস্তানি শাসকরা বাঙালির সাংস্কৃতিক কর্মকাণ্ডে আঘাত হানে কেন?  
গ. উদ্দীপকে যে আন্দোলনের ইঙ্গিত রয়েছে তার প্রধান প্রধান কর্মসূচিগুলো উল্লেখ কর।  
ঘ. উক্ত আন্দোলনের প্রতিক্রিয়া মূলপাঠের আলোকে বিশ্লেষণ কর।

[সংক্ষিপ্ত-উত্তর অংশ: যেকোনো ৫টি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও। প্রতিটি সৃজনশীলের মান: ২]

- |   |  |
|---|--|
| ১. ভাষা আন্দোলনে কারা প্রাণ দিয়েছিল?   | ৩. ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্টের বিজয়ের গুরুত্ব ব্যাখ্যা কর। |
| ২. ২১ এ ফেব্রুয়ারিকে কেন 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়? | ৪. ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের কারণ কী?                              |

৫. সামরিক শাসনই পাকিস্তানের গণতন্ত্রের ভিত্তিকে দুর্বল করেছে—ব্যাখ্যা কর।
৬. ছয় দফাকে বাংলার মানুষের মুক্তির দলিল বলা হয় কেন?

৭. ধর্ম, বর্ণ, যাই হোক না কেন জাতীয়তা এক—ব্যাখ্যা কর।
৮. ১১ দফা আন্দোলন করা হয় কেন?